

নং-সদেক/২০২৫/হিসাব/এন-১/ ২৬৬

তারিখ : ২১/০৯/২০২৫ খ্রি.

২০২৪ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষার ফরম পূরণের সময় বৃদ্ধি সংক্রান্ত বিজ্ঞপ্তি:

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র কলেজের ২০২৪ সালের অনার্স ২য় বর্ষ নিয়মিত/অনিয়মিত/অকৃতকার্য/গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম আগামী ২৫/০৯/২০২৫ তারিখের মধ্যে অনলাইনের মাধ্যমে সম্পন্ন হবে। এ সংক্রান্ত তথ্যাদি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে (www.nubd.info/honours) দেয়া আছে।

ফিসের ভাগিকা: নিয়মিত

বাংলা/অর্থনীতি/রাষ্ট্রবিজ্ঞান/ইতিহাস/ইসঃ ইতিঃ/ইসঃ শিক্ষা/দর্শন/হিসাববিজ্ঞান/ব্যবস্থাপনা/মার্কেটিং/ফিন্যান্স	ইংরেজী	গণিত/পদার্থ/উদ্ভিদ/প্রাণি	রসায়ন
৩৫০৫/-	৩১৫৫/-	৪৬০৫/-	৪৯৫৫/-

অনিয়মিত/অকৃতকার্য

বাংলা/অর্থনীতি/রাষ্ট্রবিজ্ঞান/ইতিহাস/ইসঃ ইতিঃ/ইসঃ শিক্ষা/দর্শন/হিসাববিজ্ঞান/ব্যবস্থাপনা/মার্কেটিং/ফিন্যান্স	ইংরেজী	গণিত/পদার্থ/ উদ্ভিদ/প্রাণি	রসায়ন
৪১০৫/-	৩৭৫৫/-	৫২০৫/-	৫৫৫৫/-

গ্রেড উন্নয়ন/অকৃতকার্য (১- ৭ পত্র)

বিষয়	১ পত্র	২ পত্র	৩ পত্র	৪ পত্র	৫ পত্র	৬ পত্র	৭ পত্র
সকল বিষয়	১৬০৫/-	১৯৫৫/-	২৩০৫/-	২৬৫৫/-	৩০০৫/-	৩৩৫৫/-	৩৭০৫/-

Conditional Promoted- এর ক্ষেত্রে উপরিউক্ত টাকার সাথে আরও ১,৫০০/- (এক হাজার পাঁচশত টাকা মাত্র) যোগ করতে হবে।

২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে এক বা একাধিক কোর্সে (F) গ্রেড প্রাপ্ত শিক্ষার্থীদের মোট টাকার পরিমাণ হবে = ৬৬৫৫/-

অনলাইনে ভর্তি ফরম পূরণ সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা:

০১। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nubd.info/honours) থেকে ফরম পূরণ করে ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে।

০২। ডাউনলোডকৃত ফরম প্রিন্ট নেয়ার পর নিয়মিত পরীক্ষার্থীরা রকেট/উপায়/বিকাশ/ নগদ এর মাধ্যমে পরীক্ষার ফিস জমা দিবে। পরীক্ষার ফিসে টাকার অংক গড়মিল থাকলে দ্রুত আইসিটি শাখায় (কক্ষ নং ১১০৭) যোগাযোগ করে টাকার অংক ঠিক করে নিয়ে রকেট/উপায়/বিকাশ/নগদের মাধ্যমে পরীক্ষার ফিস জমা দিতে হবে।

০৩। গ্রেড উন্নয়ন/অকৃতকার্য (১-৭ পত্র) পরীক্ষার্থীরা ডাউনলোডকৃত ফরমের প্রিন্ট কপি আইসিটি শাখায় (কক্ষ নং ১১০৭) জমা দিয়ে টাকার অংক নির্ধারণ করে নিয়ে ২৫/০৯/২০২৫ তারিখের মধ্যে রকেট/উপায়/বিকাশ/নগদের মাধ্যমে পরীক্ষার ফিস জমা দিতে হবে।

মোবাইলের মাধ্যমে রকেট/উপায়/বিকাশ/নগদে পরীক্ষার ফি জমাদানের পদ্ধতি:

রকেট/উপায়/বিকাশ/নগদ অ্যাপ এ গিয়ে Pay Bill সিলেক্ট করে Education সিলেক্ট করতে হবে। অতঃপর এখানে Govt Debendra College সিলেক্ট করলে Bill period ও Enter Student ID আসবে। এখানে চলতি মাসের নাম সিলেক্ট করে শিক্ষার্থীর ক্লাশ রোল নম্বর দিয়ে ট্যাপ করলে শিক্ষার্থীর নামসহ টাকার অংক আসবে। টাকার অংক দেখে সিলেক্ট করে প্রয়োজনীয় পিন নম্বর প্রদান করে ফিস প্রদান করা যাবে।

অনলাইনে ফরম পূরণের ফি জমাদানের পর শিক্ষার্থীদের করণীয়:

পূরণকৃত ফরমে সংশ্লিষ্ট শিক্ষার্থীরা ক্লাশ রোল নম্বর লিখে নিম্নোক্ত কাগজপত্রসহ নির্ধারিত সময়ের মধ্যে (সরকারি ছুটির দিন ব্যতিত) নিয়মিত শিক্ষার্থীরা সংশ্লিষ্ট বিভাগে এবং অনিয়মিত/গ্রেড উন্নয়ন/অকৃতকার্য পরীক্ষার্থীরা কলেজের হিসাব শাখায় জমা দিয়ে ফরম পূরণ পত্রিয়া সম্পন্ন করবে।

N.B: অনিয়মিত/গ্রেড উন্নয়ন/অকৃতকার্য পরীক্ষার্থীরা তাদের পূরণকৃত ফরম বিভাগে জমা দিলে তাদের ফরম বাতিল বলে গণ্য হবে এবং কোন অবস্থাতেই তারা চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।


ফরমের সাথে নিম্নলিখিত কাগজ পত্রাদি জমা দিতে হবে :

০১। রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি -০১ টি।

০২। অনিয়মিত/অকৃতকার্য/গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য অনার্স পার্ট-২, পরীক্ষার প্রবেশপত্র, রেজিস্ট্রেশন কার্ড ও রেজাল্ট শীটের ফটোকপি ০১ টি করে।

০৩। সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি ০২টি।

০৪। রকেট/বিকাশ/ নগদ/উপায়-এর মাধ্যমে ফি জমাদানের রশিদের কপি (মূল কপির সম্মুখভাগে নাম, মোবাইল নম্বর ও ভর্তির ক্লাশ রোল নম্বর লিখে ফটোকপি করতে হবে। মূল কপি জমা দিবে এবং ফটোকপি নিয়মিত শিক্ষার্থীরা বিভাগ এবং অনিয়মিত/গ্রেড উন্নয়ন/অকৃতকার্য পরীক্ষার্থীরা হিসাব শাখা হইতে স্বাক্ষর ও সীল দিয়ে শিক্ষার্থী সংরক্ষণ করবে)।


(প্রফেসর মো: শহীদুল্লাহমান)

আইডি নং- ১০৫১

অধ্যক্ষ

সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ।